জরুরী

একাডেমিক পরিষদের (২৫-৭-২০১৮) কার্যবিবরণীর অংশ

শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুমোদন

১৬৫। সিদ্ধান্ত ঃ চারুকলা অনুষদের (১৭-৭-২০১৮) সুপারিশ অনুযায়ী প্রাচ্যকলা বিভাগ একাডেমিক কমিটির (০৬-০৫-২০১৮) সুপারিশ অনুযায়ী উক্ত বিভাগের বিএফএ সম্মান, এমএফএ, এম.ফিল. এবং পিএইচ.ডি. প্রোগ্রামের শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুমোদন করা হইল।

স্মারক নং রেজিঃ/প্রশা-৫/২৬০৭-০৯ তারিখ ঃ ১৪/৮/১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হইল ঃ

(১) ডিন, চারুকলা অনুষদ, ঢাঃ বিঃ।

(২) চেয়ারম্যান, প্রাচ্যকলা বিভাগ, ঢাঃ বিঃ।

(৩) ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩), ঢাঃ বিঃ

13 AUG 2018

ডেপুটি রেজিস্ট্রার, প্রশাসন-৫

ঢাকা বিশ্ববিদ্যালয়।

## প্রাচ্যকলা বিভাগ

চারুকলা অনুষদ ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়

**এমএফএ প্রোগ্রামের শিক্ষাক্রম ও পাঠক্রম**

**এমএফএ (মাস্টার্স অব ফাইন আর্ট প্রোগ্রাম :** প্রাচ্যদেশীয় শিল্পরীতি সম্পর্কে গবেষণাধর্মী মনোভঙ্গি সৃষ্টির মাধ্যমে ২ (দুই) বছরের যে প্রোগ্রামটি প্রাচ্যকলা বিভাগে পরিচালিত হয়, তাই এমএফএ প্রোগ্রাম। এমএফএ প্রোগ্রামে অভিসন্দর্ভ করার সুযোগ রয়েছে। বিএফএ প্রোগ্রামে তত্ত্বীয় পরীক্ষার নম্বরের ভিত্তিতে এই গবেষণা কোর্সটি নেয়ার সুযোগ বিভাগ দিয়ে থাকে। এমএফএ প্রোগ্রাম প্রথম ও দ্বিতীয় দুটি পর্বে বিভক্ত। এই দুই বছরে শিক্ষার্থীদের উৎসাহিত করা হয় প্রাচ্যশিল্পের বিভিন্ন মাধ্যম, শিল্পভাষা, শিল্পরূপ নিয়ে পর্যালোচনা ও গবেষণায়। ইতিহাসের প্রতি সমালোচনামূলক ও বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি রেখে ও উচ্চবর্গীয় শিল্প-ইতিহাসের পাশাপাশি নিম্নবর্গীয় শিল্পের প্রতি জোর দেয়া হয়। সমসাময়িক বিভিন্ন মাধ্যমেও কীভাবে প্রাচীন শিল্পভাষাকে বিনির্মাণ করা যায়, সেই সম্ভাবনাগুলো আবিষ্কারে উদ্বুদ্ধ করতে এই প্রোগ্রামটির অঙ্কন ও নির্মাণ এবং তত্ত্বীয় কোর্সগুলো পরিকল্পিত। পাশাপাশি গবেষণাধর্মী প্রবন্ধ রচনার মাধ্যমে নিজস্ব বিশ্লেষণ ও যুক্তি উপস্থাপনের জন্য রয়েছে অভিসন্দর্ভ কোর্স। সার্বিকভাবে শিক্ষার্থীদের পরীক্ষানিরীক্ষায় এবং ঐতিহাসিক ও সাম্প্রতিক শিল্প জগতের পরিপ্রেক্ষিতে নিজস্ব সংস্কৃতির প্রাসঙ্গিকতা পর্যালোচনা ও বিশ্লেষণ দ্বারা শিল্পকর্ম নির্মাণে উৎসাহী করে তোলে এমএফএ প্রোগ্রাম।

**দর্শন :** প্রাচ্যদেশীয় শিল্পের ওপর গুরুত্ব দিয়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে সৃষ্টিশীল কর্মপ্রচেষ্টায় আন্তর্জাতিক মান অর্জন করা।

**লক্ষ্য :**

১. কার্যকর গবেষণা, পঠন-শিখন ও প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বমানসম্পন্ন শিক্ষা অর্জন।

২. জ্ঞান আহরণ ও নিমার্ণের ভিত্তিতে শুধু বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্টদেরই নয়, পুরো জাতি তথা সমগ্র বিশ্বকে আলোকিত করা, বিশ্বমানবতার সেবায় সৃজনশীল ও উদ্দীপনামূলক উদ্যোগ গ্রহণে উদ্দীপ্ত করা।

**উদ্দেশ্য :**

১. প্রাচ্যকলার ক্ষেত্রে নিরীক্ষা এবং গবেষণার জন্য প্রস্তুত করে তোলা।

২. প্রাচ্যকলার নিজস্ব অনুষঙ্গ বোঝার জন্য এই প্রোগ্রামটি শিক্ষার্থীদের জন্য একটি যথাসম্ভব পূর্ণ মাধ্যম হিসেবে কাজ করবে।

৩. একজন শিল্পী কী করে তার নিজস্ব প্রতিবেশকে আপন সত্তায় লালন করে এবং তা প্রকাশ করে, সেই আত্মানুসন্ধানের পথ ও প্রকাশের ভাষা তৈরিতে ভূমিকা রাখবে ।

৪. স্বাধীন সত্তা ও নিজস্ব সাংস্কৃতিক বলয়ের স্বরূপ জানার মাধ্যমে একটি স্বকীয় শিল্পসত্তা নির্মাণ।

৫. অনুশীলন ও নিরীক্ষার মাধ্যমে প্রায়োগিক বা ব্যবহারিক ও ধারণাভিত্তিক চিন্তা-চেতনা গঠনে সহায়তা করা।

৬. নিজস্ব সাংস্কৃতিক প্রাসঙ্গিকতায় শিল্পের স্বাধীন, সৃষ্টিশীল, মানবিক ও সামাজিক তাৎপর্য বুঝার সক্ষমতা অর্জন করা।

৭. সর্বোপরি একজন মানবিক বিবেচনাবোধ সম্পন্ন সৃজনশীল মানুষ হিসেবে গড়ে তোলা।

**এমএফএ প্রোগ্রামের ফলাফল :**

১. প্রাচ্য ও পাশ্চাত্য সম্পর্কে উত্তর ঔপনিবেশিক ধারণা পুনর্মূল্যায়নে আগ্রহী হবে।

২. স্থানিক শিল্প সম্পর্কে বিশ্লেষণী ক্ষমতা ও আগ্রহ তৈরি।

৩. স্থানিক বা দেশজ শিল্পের বৈশিষ্ট্যগুলো আয়ত্ত করে তা নিয়ে সমসাময়িক শিল্পের ভাষায় পরীক্ষানিরীক্ষায় আগ্রহী হবে।

৪. নন্দনতাত্ত্বিক সংকট বিশ্লেষণের মাধ্যমে স্থানিক শিল্পের সম্ভাবনাগুলো আবিষ্কার করতে সক্ষম হবে।

৫. প্রায়োগিক ও ধারণাভিত্তিক চিন্তা-চেতনা সমৃদ্ধ হবে।

৬. নিজ নিজ কর্মক্ষেত্রে অর্থবহ ও তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখতে আত্মবিশ্বাসী হবে।

**কোর্স কাঠামো :**

প্রোগ্রামের মেয়াদকাল : ২ বছর

মোট নম্বর : ১০০০

মোট ক্রেডিট : ৮৮

প্রোগ্রামের প্রতি পর্ব দুইটি ধাপে বিভক্ত: অঙ্কন ও নির্মাণ এবং তত্ত্বীয়। সকল পর্বের জন্যই তত্ত্বীয় কোর্স বাধ্যতামূলক। দ্বিতীয় পর্বে তত্ত্বীয় কোর্সের বিকল্প হিসেবে অভিসন্দর্ভ কোর্স গ্রহণ করার সুযোগ রয়েছে।

অভিসন্দর্ভ গ্রহণের শর্তাবলি :

১. এমএফএ প্রোগ্রামের শিক্ষার্থীদের অভিসন্দর্ভ (বিকল্প) ব্যতীত সকল কোর্স আবশিক থাকবে।

২. বিএফএ সম্মান প্রোগ্রামে যদি কোন শিক্ষার্থী 'উপকরণ ও করণকৌশল' বিষয়ের নম্বর ব্যতীত অন্য সকল তত্ত্বীয় কোর্সের গড় CGPA 3.00 অর্জন করে তবেই সে অভিসন্দর্ভ কোর্সের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।
৩. অভিসন্দর্ভ কোর্সের জন্য শিক্ষার্থীকে এমএফএ **১ম** পর্বে ভর্তির ৩০ দিনের মধ্যে বিভাগের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে।

অঙ্কন ও নির্মাণ এবং তত্ত্বীয় বিষয়ের সমন্বয়ে নির্দিষ্ট নম্বর ও ক্রেডিট:

১ম পর্ব এমএফএ (ইনকোর্স ও কোর্স ফাইনাল) মোট ৫০০ ক্রেডিট ৪৪
২য় পর্ব এমএফএ সম্মান (ইনকোর্স ও কোর্স ফাইনাল) মোট ৫০০ ক্রেডিট ৪৪

**অঙ্কন ও নির্মাণ এবং তত্ত্বীয় বিষয়ে নম্বর বিভাজন :**
১ম পর্ব এমএফএ : অঙ্কন ও নির্মাণ ৪০০ তত্ত্বীয় ১০০
২য় পর্ব এমএফএ : অঙ্কন ও নির্মাণ ৪০০ তত্ত্বীয় ১০০

**নম্বর ও ক্রেডিটের সংক্ষিপ্ত কাঠামো :**

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১০০ | নম্বরের | জন্য | অঙ্কন ও নির্মাণ | কোর্সের | ক্ষেত্রে | কমপক্ষে | ১৫০ | ঘণ্টা | ক্লাস | ক্রেডিট | পয়েন্ট | : | ১০ |
| ৫০ | ,, | ,, | ,, | ,, | ,, | ,, | ৭৫ | ,, | ,, | ,, | ,, | : | ৫ |
| ১০০ | ,, | ,, | তত্ত্বীয় | ,, | ,, | ,, | ৬০ | ,, | ,, | ,, | ,, | : | ৪ |
| ৫০ | ,, | ,, | ,, | ,, | ,, | ,, | ৩০ | ,, | ,, | ,, | ,, | : | ২ |

**ক্লাসের সময়কাল :**

**তত্ত্বীয় :** তত্ত্বীয় কোর্সের জন্য **১০** ঘণ্টায় **১** ক্রেডিট বিবেচনায় প্রতি কোর্সে কমপক্ষে ৪০টি ক্লাস প্রযোজ্য।
**অঙ্কন ও নির্মাণ :** অঙ্কন ও নির্মাণ কোর্সের জন্য কমপক্ষে প্রতি বিষয়ে ৫ (পাঁচ) টি ক্লাস নিতে হবে। ১৫ ঘণ্টায় ১ (এক) ক্রেডিট।

**কোর্সের বহিঃরেখা :**
সার্বিকভাবে প্রোগ্রামের বিভিন্ন কোর্সে ক্রেডিট বিভাজন :
**এমএফএ ১ম পর্ব, শিক্ষাবর্ষ : ২০১৮–২০১৯ থেকে কার্যকর, মোট নম্বর : ৫০০ (৪৪ ক্রেডিট)**

| কোর্স নম্বর | কোর্সের শিরোনাম | কোর্সের ধরন | নম্বর বিভাজন | ক্রেডিট |
|---|---|---|---|---|
| OA 501 | প্রাচ্যরীতিতে নিরীক্ষা : বিষয় ও মাধ্যম (Oriental Style Experiment : Subject and Media) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 502 | ড্রয়িং নিরীক্ষা (Drawing Experiment) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 503 | লোকজ ধারায় চিত্রকলা নিরীক্ষা (Painting Experiment in Folk Style) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স | ১০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ফাইনাল (৫০) = ১০০ | |
| OA 504 | নতুন মাধ্যমে প্রাচ্যশিল্প (Oriental Art in New Media) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 505 | দক্ষিণ এশিয় আধুনিক শিল্পকলা (South Asian Modern Art) | তত্ত্বীয় | ইনকোর্স (১৫) +মৌখিক (১০)+কোর্স ফাইনাল (৭৫) = ১০০ | ৪ |
| | | মোট নম্বর | ৫০০ | ৪৪ |

**এমএফএ ২য় পর্ব, শিক্ষাবর্ষ : ২০১৯–২০২০ থেকে কার্যকর, মোট নম্বর : ৫০০ (৪৪ ক্রেডিট)**

| কোর্স নম্বর | কোর্সের শিরোনাম | কোর্সের ধরন | নম্বর বিভাজন | ক্রেডিট |
|---|---|---|---|---|
| OA 601 | প্রাচ্যরীতিতে কম্পোজিশন নিরীক্ষা (Composition Experiment in Oriental Style) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 602 | পরিপ্রেক্ষিত নিরীক্ষা (Perspective Experiment) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 603 | লোকজ ধারায় চিত্রকলা নিরীক্ষা (Painting Experiment in Folk Style) | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 604 | নিজস্ব শিল্পকর্ম উপস্থাপন Presentation of Own Artworks | অঙ্কন ও নির্মাণ | ইনকোর্স (৫০)+কোর্স ফাইনাল (৫০) = ১০০ | ১০ |
| OA 605 | বাংলাদেশের শিল্পকলা : ঔপনিবেশিক আমল থেকে বর্তমান (Bangladeshi Art: Colonial Period to Present) | তত্ত্বীয় | ইনকোর্স (১৫) +মৌখিক (১০)+কোর্স ফাইনাল (৭৫) = ১০০ | ৪ |
| OA 605 কোর্সের বিকল্প কোর্স OA 606 | | | | |
| OA 606 | অভিসন্দর্ভ (Dessertation) | তত্ত্বীয় | অভিসন্দর্ভ (৬০)+ মৌখিক পরীক্ষা | ৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (৪০) | |
| | | মোট নম্বর | ৫০০ | ৪৪ |

## কোর্স পাঠক্রম
## এমএফএ প্রথম পর্ব ॥ মোট নম্বর: ৫০০ ক্রেডিট ৪৪

**১. কোর্স নম্বর : OA 501, কোর্স শিরোনাম: প্রাচ্যরীতিতে নিরীক্ষা : বিষয় ও মাধ্যম**

ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) ৫০+৫০=১০০(১০)

**কোর্সের বর্ণনা :** প্রাচ্যরীতির রয়েছে নানা মাধ্যম। এইসব মাধ্যম থেকে শিক্ষার্থী তার ভালোলাগার এক বা একাধিক বিষয় ও মাধ্যম চর্চার ও গবেষণার জন্য নির্বাচন করে কাজ করতে পারবে। যাতে মাধ্যমগত বৈশিষ্ট্য থাকা সত্ত্বেও শিল্পকর্ম যুগোপযোগী ও কালোত্তীর্ণ হয়।

**শিক্ষার ফলাফল :**
১. অনুসন্ধিৎসু ও গবেষণাধর্মী প্রবণতা তৈরি।
২. স্বাধীন শিল্পসত্তার বিকাশ।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**
ইনকোর্স :
১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।
২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ-কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।
৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :
১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।
২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চূড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।
৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** স্নাতক প্রোগ্রাম থেকে নিজের পছন্দমতো এক বা একাধিক ভালোলাগার কোর্সকে ভিত্তি করে সৃজনশীল কাজ করতে হবে।
বিষয়, মাধ্যম ও মাপ : উন্মুক্ত

**সহায়ক গ্রন্থপঞ্জি:**


১. অবনীন্দ্রনাথ ঠাকুর। *ভারতশিল্পের ষড়ঙ্গ*। কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৫৪। [পুনর্মুদ্রণ শ্রাবণ ১৪০৭]।
২. নন্দলাল বসু। *দৃষ্টি ও সৃষ্টি*। অম্লান দত্ত ও কল্পাতি গণপতি সুব্রহ্মণ্যন (সম্পা.)। কলকাতা, বিশ্বভারতী, অগ্রহায়ণ ১৩৯২।
৩. Sara Cornell. *Art: a history of changing style.* Phaidon.
৪. Ernest Goldstein. *Understanding and creating art.* West Publishing.
৫. Mary Stewart. *Launching the imagination 2D.* Mc-Graw Hill.
৬. Mary Stewart. *Launching the imagination 3D.* Mc-Graw Hill.
৭. Irving Sandler. *Defining Modern Art.* Harry N. Abrams.
৮. Ana M. Berry. *Understanding Art.* The Studio Publications.
৯. Albert E. Elsen. *Purposes of art: an introduction to the history and appreciation of art.* Hall, Rinehart and Winston.
১০. William Fleming. *Arts and ideas.* Holt.
১১. Sir Robert Clermont Witt. *How to look at pictures.* Bell and Sons.
১২. Ray Bethers. *Composition in pictures.* Pitman.

সহায়ক ওয়েবসাইট:
http://www.shahziasikander.com/
https://en.wikipedia.org/wiki/Rashid_Rana


## ২. কোর্স নম্বর : OA 502, কোর্স শিরোনাম : ড্রয়িং নিরীক্ষা

| | |
|---|---|
| ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) | ৫০+৫০=১০০(১০) |

**কোর্সের বর্ণনা :** প্রাচ্যরীতিতে ড্রয়িং গুরুত্বপূর্ণ। রেখাধর্মী চিত্রাঙ্কনে নিরীক্ষা করার সুযোগ তৈরি এই কোর্সের উদ্দেশ্যে।

**শিক্ষার ফলাফল :**
১. অনুসন্ধিৎসু ও গবেষণাধর্মী প্রবণতা তৈরি।
২. স্বাধীন শিল্পসত্তার বিকাশ।
**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**
ইনকোর্স :
১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।
২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ–কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যাবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।
৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :

১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।
২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চুড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।
৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** স্নাতক পর্যায়ে প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে প্রত্যেক শিক্ষার্থী নিজের পছন্দমতো যেকোনো বিষয় নিয়ে নিরীক্ষা করতে পারবে।
বিষয় ও মাধ্যম : উন্মুক্ত
মাপ : কাগজ বা পট, বোর্ড ইচ্ছেমতো শিক্ষার্থী নির্ধারণ করবে

সহায়ক গ্রন্থ :

১. অবনীন্দ্রনাথ ঠাকুর। *ভারতশিল্পের ষড়ঙ্গ*। কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৫৪। [পুনর্মুদ্রণ শ্রাবণ ১৪০৭]।
২. Sara Cornell. *Art: a history of changing style.* Phaidon.
৩. Mark Getlein. *Gilberts living with art.* McGraw-Hill.
৪. Ernest Goldstein. *Understanding and Creating Art.* West Publishing.
৫. Mary Stewart. *Launching the Imagination 2D.* Mc-Graw Hill.
৬. Mary Stewart. *Launching the Imagination 3D.* Mc-Graw Hill.
৭. Elizabeth L. Katz. *Thames and Foundation of Art.* National Textbook Co.
৮. Irving Sandler. *Defining Modern Art.* Harry N. Abram.
৯. Ana M. Berry. *Understanding Art.* The Studio Publications.
১০. Albert E. Elsen. *Purposes of Art: an introduction to the history and appreciation of art.* Hall, Rinehart and Winston.
১১. William Fleming. *Arts and Ideas.* Holt.
১২. Walter Abell. *Representation and form: a study of aesthetic values in representational art.* Charles Scribner's Sons.
১৩. Charles Johnson. *The Language of Painting.* Cambridge University Press.
১৪. J. Ramsey Wherrett. *Composition.* The Studio.
১৫. Sir Robert Clermont Witt. *How to Llook at Pictures.* Bell and Sons.
১৬. Ray Bethers. *Composition in Pictures.* Pitman.
১৭. Richard Wollheim. *Paintinsg as an Art.* Thames and Hudson.
১৮. Michael Rothenstein. *Looking at Paintings.* Routledge.
১৯. Rosalind Ragans. *Arttalk.* Glencoe.
২০. Robert Kaupelis. *Experimental Drawing.* Watson-Guptill Publications.

### ৩. কোর্স নম্বর : OA 503, কোর্স শিরোনাম : লোকজধারায় চিত্রকলা নিরীক্ষা

ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) ৫০+৫০=১০০(১০)

**কোর্সের বর্ণনা :** দরবারি শিল্পের বিপরীতে লোকশিল্পের প্রাসঙ্গিকতা, শিল্পভাষার সাথে লোকজ জীবনের সম্পর্ক পাঠ, নিজস্ব তত্ত্বীয় ও ব্যবহারিক জীবনের অভিজ্ঞতার সংশ্লেষে লোকজ চিত্রের নতুন শিল্পভাষা নির্মাণ।

**শিক্ষার ফলাফল :** লোকজীবন ও শিল্পের গুরুত্ব অনুধাবন। লোকশিল্পের শিল্পভাষার পিছনের দর্শন ও তার বৌদ্ধিক তাৎপর্য বোঝা, উঁচু ও নিচু শিল্পের প্রভেদ সম্পর্কে বিভ্রম দূর করা।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল**

ইনকোর্স :

১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।

২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ–কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যাবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।

৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :

১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।

২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চুড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।

৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** সরাচিত্র, পটচিত্র, আলপনা, শখের হাঁড়ি, থানকা চিত্র, মধুবনী চিত্র প্রভৃতি বিষয় অবলম্বনে নিজস্ব শিল্পকর্ম নির্মাণ

মাধ্যম : জলরং, অ্যাক্রেলিক, টেম্পারা প্রভৃতি।

**সহায়ক গ্রন্থপঞ্জি :**

১. অবনীন্দ্রনাথ ঠাকুর। *ভারতশিল্পের ষড়ঙ্গ*। কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৫৪। [পুনর্মুদ্রণ শ্রাবণ ১৪০৭]।

২. খগেশকিরণ তালুকদার। *বাংলাদেশের লোকায়ত শিল্পকলা*। ঢাকা, বাংলা একাডেমী, এপ্রিল ১৯৮৭।

৩. দীপঙ্কর ঘোষ। *বঙ্গীয় শিল্প পরিচয়*। বাংলা সাময়িকপত্রের লোকশিল্প-কারুশিল্প বিষয়ক প্রবন্ধ সংকলন : ১৯০১–১৯৫০। কলকাতা, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, জানুয়ারি ২০০৪।

৪. বিমলেন্দু চক্রবর্তী। *লোকায়ত বাঙলার চিত্রশিল্পী ও চিত্রকলা*। কলিকাতা, স্ট্যান্ডার্ড পাবলিশার্স, ফাল্গুন ১৪০৩।

৫. শামসুজ্জামান খান (সম্পা.)। *বাংলাদেশের লোক ঐতিহ্য*। ঢাকা, বাংলা একাডেমী, জুন ২০০৮। ২য় খণ্ড।

৬. Ernest Goldstein. *Understanding and Creating Art.* West Publishing.

৭. Irving Sandler. *Defining Modern Art.* Harry N. Abram.

৮. Ana M. Berry. *Understanding Art.* The Studio Publications.

৯. Albert E. Elsen. *Purposes of Art: an introduction to the history and appreciation of art.* Hall, Rinehart and Winston.

১০. William Fleming. *Arts and Ideas.* Holt.

১১. Walter Abell. *Representation and Form: a study of aesthetic values in representational art.* Charles Scribner's Sons.

১২. Sir Robert Clermont Witt. *How to Look at Pictures.* Bell and Sons.

১৩. Ray Bethers. *Composition in Pictures.* Pitman.

১৪. Michael Rothenstein. *Looking at Paintings.* Routledge.
১৫. Robert Kaupelis. *Experimental Drawing.* Watson-Guptill Publications.

## ৪. কোর্স নম্বর : OA 504, কোর্স শিরোনাম : নতুন মাধ্যমে প্রাচ্যশিল্প

ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) ৫০+৫০=১০০(১০)

**কোর্সের বর্ণনা :** নতুন মাধ্যম বলতে প্রযুক্তিগত দিক দিয়ে আবিষ্কৃত সমসাময়িক মাধ্যমগুলোকে সাধারণত বোঝানো হয়। ডিজিটাল মাধ্যম–কম্পিউটার গ্রাফিক্স, কম্পিউটার এনিমেশন, ভার্চুয়াল মাধ্যম–ইন্টারনেট, ভিডিও গেম, থ্রিডি প্রিন্টিং ইত্যাদিকে বোঝায়। প্রাচ্য শিল্পের মূলনীতিগুলোকে নতুন মাধ্যমে নিরীক্ষা করার সুযোগ তৈরি করবে এই কোর্স।

**শিক্ষার ফলাফল :**

১. নতুন মাধ্যমের ভাষা পাঠ ও ব্যবহার আয়ত্ত করা।
২. প্রাচ্যরীতির ধ্রুপদ শিল্পনীতিকে একক বা সামষ্টিকভাবে কাজে লাগিয়ে সমসাময়িক মাধ্যমে স্থানিক ও কালিক প্রাসঙ্গিকতাকে বিবেচনায় রেখে সময়োপযোগী শিল্পভাষা তৈরি।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**

ইনকোর্স :

১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।
২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ–কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যাবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।
৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :

১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।
২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চূড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।
৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** প্রাচ্যরীতির সঙ্গে নতুন মাধ্যমের সমন্বয় ও নতুন প্রাচ্যরীতির শিল্প সৃষ্টি এর লক্ষ্য। লিখিত পরিকল্পনাসহ প্রকল্পটি উপস্থাপন করতে হবে। উপস্থাপনার সময় ১৫০-২০০ শব্দের মধ্যে একটি ধারণাপত্র জমা দিতে হবে। শিক্ষাবর্ষে মোট দুইবার শিক্ষার্থীরা এ কোর্সের কার্যক্রম উপস্থাপন করবে। প্রথমটি ইনকোর্স ও দ্বিতীয়টি পরীক্ষা। কোর্সটি একজন নির্দিষ্ট কোর্সশিক্ষক দ্বারা পরিচালিত হবে। বিভাগের সকল শিক্ষক ইনকোর্সের নম্বর প্রদান করবেন। এ কোর্সের উদ্দেশ্য শিক্ষার্থীর শিল্পসম্পর্কিত চিন্তাকে বিকশিত করা।

**সহায়ক গ্রন্থপঞ্জি :**

১. অবনীন্দ্রনাথ ঠাকুর। *ভারতশিল্পের ষড়ঙ্গ*। কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৫৪। [পুনর্মুদ্রণ শ্রাবণ ১৪০৭]।
২. মৃণাল ঘোষ। *বিশ্বায়ন ও অন্যান্য শিল্পপ্রসঙ্গ*। কলকাতা, প্রতিক্ষণ, জানুয়ারি ২০০৮।

৩. শমীক বন্দোপাধ্যায় সম্পাদিত, *অবনীন্দ্রনাথ ঠাকুর-এর খুদ্দুর যাত্রা*। পাণ্ডুলিপি সংস্করণ। কলকাতা, প্রতিক্ষণ, ২০০৯।
৪. সুবিমলেন্দু বিকাশ সিনহা। *নন্দনতত্ত্বের আলোকে আধুনিক চিত্রকলা*। কলকাতা, ইন্ডিয়ান সোসাইটি ফর আর্ট অ্যান্ড ইস্থেটিকীস, ১৪১২।
৫. Micheal Rush. *New Media in Art*. London, Thames & Hudson, 2005.
৬. Mary Stewart. *Launching the Imagination 2D.* Mc-Graw Hill.
৭. Mary Stewart. *Launching the Imagination 3D.* Mc-Graw Hill.

সহায়ক ওয়েবসাইট:
http://www.shahziasikander.com

## ৫. কোর্স নম্বর : OA 505, কোর্স শিরোনাম : দক্ষিণ এশিয় আধুনিক শিল্পকলা

| | |
|---|---|
| ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) | ৫০+৫০=১০০(৪) |

**কোর্সের বর্ণনা :** এশিয়ার উত্তর, পূর্ব, দক্ষিণ অঞ্চলে কী কী ধরনের আধুনিক শিল্পকলা হয়ে থাকে তাদের বৈশিষ্ট্য, বিবর্তন ও নিজস্ব অঞ্চলের চরিত্রের সাথে শিল্পের ভাষায় যথার্থতা পাঠ ও বিশ্লেষণ।

**শিক্ষার ফলাফল :**
১. বৃহত্তর অর্থে স্থানিক শিল্প ও শিল্পের বৈচিত্র্য সম্পর্কে ধারণা লাভ।
২. বৈশ্বিক রাজনীতির সাথে সংস্কৃতি তথা শিল্পভাষার সম্পর্ক পর্যালোচনা ও বিশ্লেষণ ক্ষমতা অর্জন।
৩. বৈশ্বিক নীতি, নন্দনতত্ত্ব ও শিল্পের চরিত্রের পারস্পরিকতা বিশ্লেষণ ও গবেষণাধর্মী মনোভঙ্গি তৈরি।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**
ইনকোর্স :
১. কোর্স শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, মৌলিক পরীক্ষা গ্রহণ এবং নম্বর প্রদান করবেন। প্রতিটি তত্ত্বীয় বিষয়ের ১৫ নম্বরের জন্য কমপক্ষে ৩টি ইনকোর্স পরীক্ষা নেয়া হবে।
২. ইনকোর্স পরীক্ষা ও মৌলিক পরীক্ষা কোর্স চলাকালীন সময়ে নেয়া হবে। মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক গ্রহণ করবেন।
৩. উপস্থিত/অনুপস্থিত সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রতিটি কোর্সে মোট প্রাপ্ত নম্বরকে ইনকোর্স পরীক্ষার সংখ্যা দিয়ে ভাগ করে নম্বর প্রস্তুত করা হবে।

কোর্স ফাইনাল :

১. প্রশ্নপত্র প্রণেতাদের একজন হবেন কোর্সশিক্ষক এবং দ্বিতীয় প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক নিযুক্ত হবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কোন একজন তত্ত্বীয় বিষয়ের শিক্ষক।

২. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :**

১. দক্ষিণ এশিয়ার আধুনিক, উত্তরাধুনিক শিল্পকলার প্রাসঙ্গিকতা, শিল্পভাষা, শিল্পতত্ত্ব পাঠ ও বিশ্লেষণ।

২. উত্তরাধুনিক শিল্পকলার পরবর্তী প্রবণতাসমূহ এবং তার নন্দনতাত্ত্বিক ব্যাখ্যা।

**সহায়ক গ্রন্থপঞ্জি :**

১. মৃণাল ঘোষ। *বিশ্বায়ন ও অন্যান্য শিল্পপ্রসঙ্গ*। কলকাতা, প্রতিক্ষণ, জানুয়ারি ২০০৮।
২. সুবিমলেন্দু বিকাশ সিনহা। *নন্দনতত্ত্বের আলোকে আধুনিক চিত্রকলা*। কলকাতা, ইন্ডিয়ান সোসাইটি ফর আর্ট অ্যান্ড ইস্থেটিকীস, ১৪১২।
৩. সৈয়দ মাহমুদুল হাসান। *মুসলিম চিত্রকলা*। ঢাকা, মাওলা ব্রাদার্স, জুন ২০০৩। [প্র. প্র. জুলাই ১৯৭৯]।
৪. হীরেন চট্টোপাধ্যায়। *সাহিত্যতত্ত্ব : প্রাচ্য ও পাশ্চাত্য*। ১ম পরিমার্জিত দে'জ সং। কলকাতা, দে'জ, জানুয়ারি ২০১০।
৫. মৃণাল ঘোষ। *বিশ্বায়ন ও অন্যান্য শিল্পপ্রসঙ্গ*। কলকাতা, প্রতিক্ষণ, জানুয়ারি ২০০৮।

## এমএফএ দ্বিতীয় পর্ব ॥ মোট নম্বর: ৫০০ ক্রেডিট ৪৪

### ১. কোর্স নম্বর : OA 601, কোর্স শিরোনাম : প্রাচ্যরীতিতে কম্পোজিশন নিরীক্ষা

ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) ৫০+৫০=১০০(১০)

**কোর্সের বর্ণনা :** প্রাচীন ও সমসাময়িক শিল্পের রচনা ও ফর্ম বিন্যাস পদ্ধতিগুলোর নতুন রচনা পদ্ধতি তৈরিতে সাহায্য করবে। জ্ঞান কাজে লাগিয়ে বিষয়ের সাথে দেখার পদ্ধতির সংযোগসূত্র বিবেচনা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

**শিক্ষার ফলাফল :** বিভিন্ন বিষয়বস্তুকে বৈজ্ঞানিক বা যৌক্তিক ও স্বাধীনভাবে দেখার দৃষ্টিভঙ্গি নির্মাণ।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**
ইনকোর্স :

১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।
২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ–কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যাবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।
৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :

১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।
২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চূড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।
৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** স্নাতক প্রোগ্রাম থেকে নিজের পছন্দমতো এক বা একাধিক ভালোলাগার কোর্সের ওপর সৃজনশীল কাজ করতে হবে।

বিষয় ও মাধ্যম : উন্মুক্ত
পরিসর : কাগজ বা ক্যানভাস, বোর্ড ইচ্ছেমতো শিক্ষার্থী নির্ধারণ করবে
[শিক্ষার্থী চাইলে একাধিক ভালোলাগার কোর্স নিয়েও কাজ করার সুযোগ থাকবে]

**সহায়ক গ্রন্থপঞ্জি :**


১. অবনীন্দ্রনাথ ঠাকুর। *ভারতশিল্পের ষড়ঙ্গ*। কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৫৪। [পুনর্মুদ্রণ শ্রাবণ ১৪০৭]।
২. New Art. *Andreas Papadkil, Clare Farrow & Nicola Hodges.* Academy Editors, London.
৩. Mark Getlein. *Gilberts Living with Art.* McGraw-Hill.
৪. Ernest Goldstein. *Understanding and Creating Art.* West Publishing.
৫. Ana M. Berry. *Understanding Art.* The Studio Publications.
৬. William Fleming. *Arts and Ideas.* Holt.
৭. J. Ramsey Wherrett. *Composition.* The Studio.
৮. Ray Bethers. *Composition in Pictures.* Pitman.

**সহায়ক ওয়েবসাইট:**
http://www.shahziasikander.com
https://en.wikipedia.org/wiki/Rashid_Rana

**২. কোর্স নম্বর : OA 602, কোর্স শিরোনাম : পরিপ্রেক্ষিত নিরীক্ষা**

| | |
|---|---|
| ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) | ৫০+৫০=১০০(১০) |

**কোর্সের বর্ণনা :** একবিন্দু, দ্বিবিন্দু, বহুবিন্দু পরিপ্রেক্ষিত শৈলী পাঠ। প্রাচ্যরীতির এ বহুবিন্দু পরিপ্রেক্ষিত দর্শন পাঠ এবং শিক্ষার্থী নিজস্ব সময়ে ভাষার বিষয়বস্তুকে যৌক্তিক পরিপেক্ষিতে উপস্থাপন।

**শিক্ষার ফলাফল :** সময়ের বৈশিষ্ট্য দর্শন ও ভিন্ন ভিন্ন মানুষের দৃষ্টিভঙ্গির সাথে ছবির দৃশ্যরূপ কী করে নিয়ন্ত্রিত হয় তা বুঝতে পারবে।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**
ইনকোর্স :

১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।
২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ-কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যাবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।
৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :

১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।
২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চূড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।
৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** স্নাতক ও এমএফএ প্রথম পর্বের পর্যায় থেকে প্রাচ্যরীতি সম্পর্কে অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে প্রাচ্যরীতিতে নতুন শিল্পভাষা তৈরি।

বিষয়, মাধ্যম ও আকার-আকৃতি : উন্মুক্ত

**সহায়ক গ্রন্থপঞ্জি :**

১. অবনীন্দ্রনাথ ঠাকুর। *ভারতশিল্পের ষড়ঙ্গ*। কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৫৪। [পুনর্মুদ্রণ শ্রাবণ ১৪০৭]।
২. নির্মাল্য নাগ। *চিত্রভাষা*। কলকাতা, দীপায়ন, ২০০০।
৩. Ernest Norling. *Perspective Made Easy*. United States of America, The Macmillian Company 1939.
৪. Stan Smith. *Anatomy Perspective and Composition for the Artist.* Macdonalad & co ltd.

৫. Ana M. Berry. *Understanding Art.* The Studio Publications.
৬. Albert E. Elsen. *Purposes of Art: an introduction to the history and appreciation of art.* Hall, Rinehart and Winston.
৭. William Fleming. *Arts and Ideas.* Holt.
৮. Walter Abell. *Representation and Form: a study of aesthetic values in representational art.* Charles Scribner's Sons.
৯. Sir Robert Clermont Witt. *How to Look at Pictures.* Bell and Sons.
১০. Ray Bethers. *Composition in Pictures.* Pitman.

সহায়ক ওয়েবসাইট:
http://www.shahziasikander.com
https://en.wikipedia.org/wiki/Rashid_Rana

### ৩. কোর্স নম্বর : OA 603, কোর্স শিরোনাম : লোকজধারায় চিত্রকলা নিরীক্ষা

| ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) | ৫০+৫০=১০০(১০) |
|---|---|

**কোর্সের বর্ণনা :** দরবারি শিল্পের বিপরীতে লোকশিল্পের প্রাসঙ্গিকতা, শিল্পভাষার সাথে লোকজ জীবনের সম্পর্ক পাঠ এবং এই পরিসরে নিজস্ব তত্ত্বীয় ও ব্যবহারিক জীবনের অভিজ্ঞতার সংশ্লেষে লোকজ চিত্রের নতুন শিল্পভাষা নির্মাণ।

**শিক্ষার ফলাফল :** লোকজীবন ও শিল্পের গুরুত্ব অনুধাবন। লোকশিল্পের শিল্পভাষার পিছনের দর্শন ও তার বৌদ্ধিক তাৎপর্য বুঝতে পারা এবং শিল্পের উচুঁ ও নিচু প্রভেদ সম্পর্কে বিভ্রম দূর করা।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**
ইনকোর্স :

১. অঙ্কন ও নির্মাণ কোর্সসমূহের প্রতিটি ক্লাসই ইনকোর্স এবং প্রদত্ত নম্বর ইনকোর্স নম্বর হিসেবে গণ্য হবে।
২. শিক্ষার্থীর অনুশীলন, শিল্পকর্মের মান, কোর্স শিক্ষকের নির্দেশনার যথাযথ প্রয়োগ, উপস্থাপনা, মাধ্যমের যথার্থতা, কারণ-কৌশলে শিক্ষার্থীর দক্ষতা, একাগ্রতা ও মনোনিবেশ পর্যাবেক্ষণ করে নম্বর প্রদান করা হবে।
৩. কোর্স শিক্ষকগণ আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক কোর্স শিক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। কোর্সশিক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে শ্রেণিশিক্ষক তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে তিনি শিক্ষার্থীদের অবহিত করবেন।

কোর্স ফাইনাল :

১. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণেতা ও উত্তরপত্র মূল্যায়নকারী মনোনীত করবেন। দু'জন প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক থাকবেন।
২. পরীক্ষা কমিটি প্রশ্নপত্র চূড়ান্তকরণের জন্য পরিমার্জন-এর প্রচলিত পদ্ধতি অবলম্বন করবেন।
৩. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :** সরাচিত্র, পটচিত্র, আলপনা, শখের হাঁড়ি, থানকা চিত্র, মধুবনী চিত্র প্রভৃতি বিষয় অবলম্বনে নিজস্ব শিল্পকর্ম নির্মাণ।
মাধ্যম : জল রং, অ্যাক্রেলিক, টেম্পারা প্রভৃতি।

**সহায়ক গ্রন্থপঞ্জি :**

১. খগেশকিরণ তালুকদার। *বাংলাদেশের লোকায়ত শিল্পকলা*। ঢাকা, বাংলা একাডেমী, এপ্রিল ১৯৮৭।
২. গৌতম দাস। *বাংলায় শিল্পচর্চার উত্তরাধিকার*। কলকাতা, পুনশ্চ, বইমেলা ২০০০।
৩. তোফায়েল আহমদ। *লোক ঐতিহ্যের দশ দিগন্ত*, ঢাকা। বাংলা একাডেমী, মে ১৯৯৯।
৪. নির্মলকুমার ঘোষ। *ভারত শিল্প*। ১ম সং। কলিকাতা, ফার্মা কে. এল, ১৯৭৩।
৫. K.G. Subramanyan. *The Magic of Making : essays an art and culture.* Calcutta, Seagull books, 2007.
৬. Sara Cornell. *Art: a history of changing style.* Phaidon.
৭. Ernest Goldstein. *Understanding and Creating Art.* West Publishing.
৮. William Fleming. *Arts and Ideas.* Holt.

### ৪. কোর্স নম্বর : OA 604, কোর্স শিরোনাম : নিজস্ব শিল্পকর্ম উপস্থাপন

ইনকোর্স+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) ৫০+৫০=১০০(১০)

**কোর্সের বর্ণনা :** বৌদ্ধিক ও যৌক্তিক উপস্থাপন করার জন্য শিল্পকর্ম উপস্থাপনের জন্য স্পেস নির্ধারণ। উপস্থাপন শৈলী ও দর্শকের মধ্যে সংলাপ তৈরি করা মাল্টিমিডিয়া উপস্থাপন ও বিশ্লেষণ, ধারণাপত্র তৈরি ক্যাটালগ ও পোর্টফলিও নমুনা তৈরি।

**শিক্ষার ফলাফল :** শিল্পকর্মের পেছনে শিল্পীর ধারণাকে শিল্পকর্মের মাধ্যমে দর্শকের সামনে যথাযথ উপস্থাপন করতে শিখবে।

**শিক্ষাদানের কৌশল :** মূল্যায়নপর্বে আলোচনা-পর্যালোচনা, সমালোচনা ও বিশ্লেষণ।

**মূল্যায়ন কৌশল :**
শিক্ষাবর্ষে মোট দুইবার শিক্ষার্থীরা কোর্সের কার্যক্রম উপস্থাপন করবে। প্রথমটি ইনকোর্স ও দ্বিতীয়টি পরীক্ষা। কোর্সটি একজন নির্দিষ্ট কোর্সশিক্ষক দ্বারা পরিচালিত হবে। বিভাগের সকল শিক্ষক ইনকোর্সের নম্বর প্রদান করবেন। পরীক্ষা কমিটি পরীক্ষার কাজের মূল্যায়ন পর্বে নম্বর প্রদান করবেন।

**কোর্সের বিষয়বস্তু :** শিক্ষার্থীরা শিক্ষাবর্ষে দুইবার নিজের কাজের উপস্থাপনা ও সেমিনার করবে। প্রথমটি ইনকোর্স ও পরেরটি পরীক্ষা হিসেবে বিবেচিত হবে। এই কোর্সে শিক্ষার্থীরা শিল্পী হিসেবে নিজেকে উপস্থাপন করার সকল প্রক্রিয়াগুলো সম্পর্কে ধারণা লাভ করবে যেমন : জীবনবৃত্তান্ত, পোর্টফোলিও ও শিল্পকর্মের ধারণাপত্র তৈরি, ক্যাটালগিং, গণমাধ্যম যোগাযোগ, গ্যালারিতে শিল্পকর্ম উপস্থাপন ইত্যাদি।

**সহায়ক গ্রন্থপঞ্জি :**

### ৫. কোর্স নম্বর : OA 605, কোর্স শিরোনাম : বাংলাদেশের শিল্পকলা : ঔপনিবেশিক আমল থেকে বর্তমান

ইনকোর্স+মৌখিক+কোর্স ফাইনাল = মোট নম্বর (ক্রেডিট) ১৫+১০+৭৫= ১০০(৪)

**কোর্সের বর্ণনা :** ঔপনিবেশিক ইতিহাস সম্পর্কে ধারণা, ব্রিটিশ উপনিবেশ ও পৃষ্ঠপোষকতার চরিত্র ও শিল্পচর্চা, শিল্পভাষার বিবর্তন ও প্রাসঙ্গিকতা–কোম্পানি আমলের চিত্রকলা, ইংরেজ পর্যটক শিল্পীদের শিল্পকলা, কালীঘাটের পটচিত্র, নব্যবঙ্গীয় শিল্প আন্দোলন ইত্যাদির মাধ্যমে ব্যাখ্যা করা, বাংলাদেশের আধুনিক শিল্পকলা চর্চার পটভূমি, বাংলাদেশে সমসাময়িক শিল্পচর্চার প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ধরন, শিল্পের বাণিজ্যিক অবস্থা, বাংলাদেশের প্রাচ্যকলা চর্চার প্রবণতা, বিশ্লেষণ ও সমালোচনা, বর্তমান লোকশিল্পের বিবর্তিত রূপ অনুসন্ধান।

**শিক্ষার ফলাফল :**
১. ঔপনিবেশিক ইতিহাস সম্পর্কে বিশ্লেষণ ক্ষমতা তৈরি।

২. প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শিল্পতত্ত্ব পর্যালোচনা ও ব্যাখ্যার মাধ্যমে উঁচু নিচু শিল্প ধারণার সম্পর্ক নির্ণয় করতে শেখা।
৩. বাংলাদেশের আধুনিক শিল্পকলার পটভূমি ব্যাখ্যার মাধ্যমে বাংলাদেশের প্রাচ্যকলা চর্চার প্রবণতা, চরিত্র সম্পর্কে বিশ্লেষণী ক্ষমতা অর্জন।
৪. লোকশিল্পের বিবর্তিত রূপ অনুসন্ধানের মাধ্যমে তার সমকালীন চরিত্রগুণ সম্পর্কে ধারণা লাভ।

**শিক্ষাদানের কৌশল :** বক্তৃতা, দৃশ্যচিত্র উপস্থাপনা (মাল্টিমিডিয়া প্রেজেনটেশন), দলবদ্ধ অনুশীলন, ক্লাস পর্যালোচনা।

**মূল্যায়ন কৌশল :**

ইনকোর্স :

১. কোর্স শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, মৌলিক পরীক্ষা গ্রহণ এবং নম্বর প্রদান করবেন। প্রতিটি তত্ত্বীয় বিষয়ের ১৫ নম্বরের জন্য কমপক্ষে ৩টি ইনকোর্স পরীক্ষা নেয়া হবে।
২. ইনকোর্স পরীক্ষা ও মৌলিক পরীক্ষা কোর্স চলাকালীন সময়ে নেয়া হবে। মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক গ্রহণ করবেন।
৩. উপস্থিত/অনুপস্থিত সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রতিটি কোর্সে মোট প্রাপ্ত নম্বরকে ইনকোর্স পরীক্ষার সংখ্যা দিয়ে ভাগ করে নম্বর প্রস্তুত করা হবে।

কোর্স ফাইনাল :

১. প্রশ্নপত্র প্রণেতাদের একজন হবেন কোর্সশিক্ষক এবং দ্বিতীয় প্রশ্নপত্র প্রণেতা ও পরীক্ষক নিযুক্ত হবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কোন একজন তত্ত্বীয় বিষয়ের শিক্ষক।

২. দু'জন পরীক্ষক আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করবেন। প্রত্যেক পরীক্ষক নম্বর প্রদানের পূর্বে শিক্ষার্থীদের উপস্থিতিতে পর্যালোচনা সাপেক্ষে কাজের মূল্যায়ন করবেন। ১ম পরীক্ষক ও ২য় পরীক্ষকের নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি তৃতীয় পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা করবেন। প্রাপ্ত তিনটি নম্বরের মধ্যে কাছাকাছি থাকা দুইটি নম্বরের গড় চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।

**কোর্সের বিষয়বস্তু :**

১. ব্রিটিশ উপনিবেশ, পৃষ্ঠপোষকতার চরিত্র, শিল্পচর্চা, শিল্পভাষার বিবর্তন–কোম্পানি আমলের চিত্রকলা, ইংরেজ পর্যটক শিল্পীদের শিল্পকলা, কালীঘাটের পটচিত্র, নব্যবঙ্গীয় শিল্প আন্দোলনের প্রাসঙ্গিকতায় পাঠ ও বিশ্লেষণ।

২. বাংলাদেশের আধুনিক শিল্পকলা চর্চার পটভূমি, বাংলাদেশে সমসাময়িক শিল্পচর্চা, গ্যালারি চর্চা, বাংলাদেশের জাতীয় ও আন্তর্জাতিক প্রদর্শনী, বাংলাদেশের আধুনিক শিল্পচর্চার পথিকৃৎ শিল্পী (শিল্পাচার্য জয়নুল আবেদিন, কামরুল হাসান, এস. এম. সুলতান, শফিউদ্দিন আহমেদ) এবং বিভিন্ন মাধ্যমে (যেমন : চিত্রকলা, ভাস্কর্য, সিরামিকস্, পারফর্মেন্স, ইনস্টলেশন, ল্যান্ড ও ভিডিও আর্ট ইত্যাদি) সক্রিয় সমসাময়িক প্রধান প্রধান শিল্পী।

৩. বাংলাদেশের প্রাচ্যকলা চর্চার প্রবণতা, বিশ্লেষণ ও সমালোচনা।

৪. রিকশা চিত্র, আলপনা, সিনেমা ব্যানারচিত্র, সরাচিত্রসহ বর্তমান লোকশিল্পের বিবর্তিত রূপ অনুসন্ধান।

**সহায়ক গ্রন্থসূচি :**

১. লালা রুখ সেলিম (সম্পা.)। *বাংলাদেশ সাংস্কৃতিক সমীক্ষামালা-৮ : চারু ও কারুকলা*। ঢাকা, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ডিসেম্বর ২০০৭।
২. হারবার্ট রিড (ভাষান্তর সন্দীপন ভট্টাচার্য)। *শিল্পের সারার্থ*। কলকাতা, দীপায়ন, ডিসেম্বর, ১৯৯৯। [প্র.প্র ১৯৯৯]
৩. বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর। *চিত্রশিল্প : বাংলাদেশের*। ঢাকা, বাংলা একাডেমী, জুলাই, ১৯৭৪।
৪. মইনুদ্দীন খালেদ। *বাংলাদেশের চিত্রশিল্প*। ঢাকা, দিব্যপ্রকাশ, ফেব্রুয়ারি, ২০০০।
৫. রামকিঙ্কর বেইজ। *আমি চক্কিক, রূপকার মাত্র*। কলকাতা, মনফকিরা, মে, ২০০৫।
৬. নীলিমা অফরিন। *বাংলাদেশের শিল্পকলার উৎসসন্ধান*। ঢাকা, কথাপ্রকাশ, এপ্রিল, ২০১৫।
৭. শোভন সোম। *শিল্পশিক্ষা ও ঔপনিবেশিক ভারত*। কলকাতা, প্রকাশন বিভাগ, তথ্য ও বেতার মন্ত্রণালয়, ভারত সরকার, ১৯৯৮।

৮. মৃণাল ঘোষ। বিশ্বায়ন ও অন্যান্য শিল্প প্রসঙ্গ। কলকাতা, প্রতিক্ষণ, ২০০৮।
৯. অশোক ভট্টাচার্য। *বাংলার চিত্রকলা*। কলকাতা, পশিচমবঙ্গ বাংলা আকাদেমি, ১৯৯৪।
১০. আলী ইমাম। *প্রাচীন বাংলার বৌদ্ধ বিহার*। ঢাকা, আগামী প্রকাশনী, ১৯৯৬।
১১. আ. কা. মো: যাকারিয়া। *বাংলাদেশের প্রাচীনকীর্তি*। ঢাকা, বাংলাদেশ শিশু একাডেমী, ১৯৮৭।
১২. কল্যাণকুমার গঙ্গোপাধ্যায়। *বাংলার ভাস্কর্য*। কলিকাতা, সুবর্ণরেখা, ১৯৮৬।
১৩.নির্মল কুমার ঘোষ। *ভারতশিল্প*। কলিকাতা, ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, ১৯৯৫।
১৪. রেবতীবর্মন। *সমাজ ও সভ্যতার ক্রমবিকাশ*। ঢাকা, আনোয়ার উদ্দীন, জুরাইন, ফরিদাবাদ, ১৯৫২।
১৫. রতনলাল চক্রবর্তী। *বাংলাদেশের মন্দির*। ঢাকা, বাংলা একাডেমী, ১৯৮৭।
১৬.নীহাররঞ্জন রায়। *বাঙ্গালীর ইতিহাস*। লেখক সমবায় সমিতি, কলকাতা, ১৩৮২ বাং।
১৭. নাজিমুদ্দিন আহমদ। *মহাস্থান ময়নামতি পাহাড়পুর*। প্রত্নতত্ব ও যাদুঘর বিভাগ, ঢাকা, ২য় সংস্কারণ, মে, ১৯৭৯।
১৮.আবুল মনসুর। *শিল্পী দর্শক সমালোচক*। চট্টগ্রাম, শিল্পসমন্বয়, বৈশাখ ১৩৯১।
১৯. ParthaMitter. *Indian Art (Oxford History of Art)* 1st Edition.
২০. James Fergusson. *The Cave Temples of India.*
২১. Edith Tomory. *A History of Fine Arts In India And The West.*
২২.Amina Okada. *Indian Miniatures of The Mughal Court.*
২৩. A.K. Coomerawami. *History of Indian and Indonesian Art.* 1927.
২৪.Stella Kramrisch. *The Art of India.* Phaidon, 1954.
২৫. Sir John Marshall. *The Buddhist Art of Gandhara*, 1960.
২৭. Roy C. Craven. *A Concise History of Indian Art.*
২৮. AkmZakariah. *The Archaeological Heritage of Bangladesh.*
২৯. Enamul Haque. *Sculptures In Bangladesh : An Inventory Of Select Hindu, Buddhist And Jain Stone And Bronze Images In Museums And Collections Of Bangladesh (Up To The 13 Century)*
৩০. Enamul Haque. *Bengal Sculptures : Hindu Iconography Upto C 1250 A D.*
৩১. Nalini Kanta BhattasaliI. *Conography of Buddhist And Brahmanical Sculptures In Dacca Museum.*
৩২. Lala Rukh Selim. Cultural Survey of Bangladesh : Art And Crafts.
৩৩. SPBA. *Bangladesh Art : Collection of contemporary painting.* Bangladesh, SPBA, 2003.

**৬. কোর্স নম্বর : OA 606, কোর্স শিরোনাম : অভিসন্দর্ভ**

| | |
|---|---|
| মৌখিক+অভিসন্দর্ভ = মোট নম্বর (ক্রেডিট) | ২৫+৭৫= ১০০(৪) |

**কোর্সের বর্ণনা :** প্রাচ্যশিল্পবিষয়ক যে কোনো বিষয় নিয়ে গবেষণা করা যাবে। শব্দসংখ্যা ৩০০০ শব্দের বেশি প্রযোজ্য নয়।

**শিক্ষার ফলাফল :** কোনো সুনির্দিষ্ট বিষয়ে অনুপুঙ্খ জানা। পরবর্তী সময়ে বড়ো পরিসরে গবেষণা করার জন্য নিজেকে প্রস্তুত করে তোলা।

**শিক্ষাদানের কৌশল :** তত্ত্বাবধায়ক গবেষণা পদ্ধতি, তথ্যসূত্র ইত্যাদি সম্পর্কে যথাযথ দিকনির্দেশনা দিবেন। তত্ত্বাবধায়কের সাথে আলোচনা সাপেক্ষে শিরোনাম অ্যাকাডেমিক কমিটিতে অনুমোদিত হতে হবে। বিশ্লেষণধর্মী প্রকরণের ক্ষেত্রে সীমাবদ্ধতা ও সম্ভাবনাগুলো চিহ্নিত করতে সাহায্য করবেন।

**মূল্যায়ন কৌশল :**

১. শিক্ষার্থীদের অভিসন্দর্ভের তত্ত্বাবধায়ক শিক্ষক বিভাগের একাডেমিক কমিটি দ্বারা নির্ধারিত হবে।
২. অভিসন্দর্ভের মৌখিক পরীক্ষা গ্রহণে সদস্য হিসেবে থাকবেন পরীক্ষা কমিটি এবং সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক। তাদের প্রদত্ত মৌখিক নম্বরের গড় নম্বর চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।
৩. পরীক্ষা কমিটি কর্তৃক নির্ধারিত দু'জন বহিরাগত পরীক্ষক মূল্যায়ন করবেন। অভিসন্দর্ভের দু'জন পরীক্ষকই বিভাগ বহির্ভূত হবেন। অভিসন্দর্ভের তত্ত্বাবধায়ক কোনো অবস্থাতেই অভিসন্দর্ভ মূল্যায়ন করতে পারবেন না। বিশেষ ক্ষেত্রে বহিরাগত উপযুক্ত

কোনো পরীক্ষক পাওয়া না গেলে পরীক্ষা কমিটির সুপারিশ অনুসারে উপাচার্যের পূর্বাহ্নে লিখিত অনুমোদনক্রমে বিভাগীয় শিক্ষক (সংশিষ্ট অভিসন্দর্ভের তত্ত্বাবধায়ক ব্যতীত) অভিসন্দর্ভ পরীক্ষক হতে পারবেন। দু'জন পরীক্ষক প্রদেয় নম্বরের ব্যবধান ২০% এর বেশি হলে পরীক্ষা কমিটি কর্তৃক নির্ধারিত তৃতীয় পরীক্ষক নম্বর প্রদান করবেন। কাছাকাছি নম্বর যে দু'জন পরীক্ষক প্রদান করবেন তাদের নম্বরের গড় গ্রহণ করা হবে।

**কোর্সের বিষয়বস্তু :** বিভাগের পাঠক্রম অনুযায়ী অভিসন্দর্ভের বিষয়বস্তু নির্ধারণ করতে হবে।

**সহায়ক গ্রন্থপঞ্জি :** গবেষণার বিষয়বস্তুর উপর নির্ভর করে তত্ত্বাবধায়কের সহায়তায় গবেষক নিজের অভিসন্দর্ভের জন্য প্রয়োজনীয় সহায়ক গ্রন্থতালিকা প্রণয়ন করবেন।

**সহায়ক গ্রন্থসূচি :**


১. জগমোহন মুখোপাধ্যায়। *গবেষণাপত্র অনুসন্ধান ও রচনা*। কলকাতা, আনন্দ, ডিসেম্বর, ২০১৬।

২. বাংলা একাডেমি। *প্রমিত বাংলা বানানের নিয়ম*। ১ম সং। ঢাকা, বাংলা একাডেমি, জানুয়ারি, ২০১৫।

৩. এস. এম তানভীর আহমেদ। *ইতিহাস গবেষণা পদ্ধতি*। ঢাকা, সংহতি, ২০১৪।

৪. ড. শাহজাহান তপন। *থিসিস ও অ্যাসাইনমেন্ট লিখন পদ্ধতি ও কৌশল*। ঢাকা, প্রতিভা, ১৯৮৭।

৫. ড. সুরভি বন্দোপধ্যায়। *গবেষণা প্রকরণ ও পদ্ধিতি*। কলকাতা, দে'জ, ১৯৯০।

৬. ড. জয়ন্ত গোস্বামী। *সাহিত্য গবেষণা : পদ্ধতি ও প্রয়োগ*। কলকাতা, পুস্তক বিপনি, ১৯৮৯।

৭. কাজী মৌসুমী-হোসেন (সম্পা.)। *গবেষণা : রীতি ও পদ্ধতি*। ঢাকা, ম্যাস্-লাইন মিডিয়া সেন্টার, ২০০০।

৮. কে মউদুদ ইলাহী। *গবেষণা পদ্ধতি এবং প্রতিবেদন প্রনয়ন*। ঢাকা, নভেল পাবলিশিং হাউজ, ২০০৬।

৯. Raman, Anantanarayanan and Nimmagadda. *A Handbook Research Process*. New Delhi, Macmillan, 2006.

১০. Teitelbaum, Harry. *How to Write A Thesis*. United Kingdom, Thomson, 1098

১১. Dr. Alam Bond (Editor). *Your Masters Thesis* : How to Ptam, draft, write and revise. New Dhlhi, Viva Books, 2007.